DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:48 PM

স্বাস্থ্য

# দেশে হামের উপসর্গে আরও চার শিশুর মৃত্যু

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ১৪ আগস্ট ২০২৬, ০৮:১০ PM



দেশে হামের উপসর্গে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও চার শিশুর মৃত্যু হয়েছে। তবে মৃত শিশুদের কারোরই ল্যাব পরীক্ষায় আনুষ্ঠানিকভাবে হাম শনাক্ত হয়নি।

শুক্রবার (১৪ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তর থেকে প্রকাশিত বিশেষ বুলেটিন ও প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, শুক্রবার সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় নতুন করে ৯৭২ জন শিশুর শরীরে হামের বিভিন্ন উপসর্গ দেখা গেছে।

প্রতিবেদনে উল্লেখ করা হয়, চলতি বছরের গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে হামের উপসর্গ নিয়ে প্রাণ হারিয়েছে ৭৯৫ শিশু। আর একই সময়ে স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে হাম নিশ্চিত হওয়ার পর মারা গেছে আরও ৯৯ শিশু। সব মিলিয়ে গত পাঁচ মাসে হাম ও হামের উপসর্গে দেশে মোট ৮৯৪ জন শিশুর মৃত্যু হলো।

পরিসংখ্যান অনুযায়ী, ১৫ মার্চ থেকে ১৪ আগস্ট পর্যন্ত সারা দেশে মোট ১ লাখ ৪১ হাজার ৪৮ জন শিশুর শরীরে হামের উপসর্গ দেখা

দিয়েছে। এই সময়ের মধ্যে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হতে হয়েছে ১ লাখ ২২ হাজার ৭৯৪টি শিশুকে। তবে চিকিৎসা শেষে ইতিমধ্যে ১ লাখ ১৮ হাজার ৫৪০ জন শিশু সুস্থ হয়ে বাড়ি ফিরেছে।

এ ছাড়া, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত ল্যাবরেটরি টেস্টে দেশের মোট ১৭ হাজার ৭৩০ জন শিশুর শরীরে আনুষ্ঠানিকভাবে হাম শনাক্ত করা সম্ভব হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সংক্রামক এই ব্যাধির বিস্তার রোধে দেশের সংবেদনশীল এলাকাগুলোতে টিকাদান জোরদারসহ স্বাস্থ্য বিভাগের তদারকি অব্যাহত রয়েছে।

---


## এ বিভাগের আরও খবর



**হাম উপসর্গে ২৪ ঘণ্টায় প্রাণ গেল ৮ শিশুর**
দেশে গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে ৮ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ৭৯৮টি শিশু।শনিবার (১৫ আগস্ট) বিকেলে স্বাস...



**পাঁচ মাসে হাম ও উপসর্গে ৮৯০ শিশুর মৃত্যু**
গত ২৪ ঘণ্টায় সারাদেশে হাম উপসর্গে পাঁচজনের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ...



### হাম উপসর্গে প্রাণ গেল আরও পাঁচ শিশুর

গত ২৪ ঘণ্টায় সারাদেশে হাম উপসর্গে আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে হামে আক্রান্ত হয়েছেন এক হাজার ১৫৫ জন।সোমবার (১০ আগস্ট) স্বাস্...

### হামের উপসর্গে প্রাণ গেল আরও ৬ শিশুর

হামের প্রকোপ যেন কিছুতেই কমছে না। হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় সারা দেশে আরও ৬ শিশুর মৃত্যু হয়েছে। এদের মধ্যে তিনজন সিলেটে। এ সময়ে নতুন কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/health/deshe-hamer-upsrge-aro-char-shishur-mritju